



একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationaboard.gov.bd



নং: ঢাশি/বি/৬৫৮/মানিক/৪১৪

তারিখ: ০৮ আগস্ট ২০২১

বিষয়: মানিকগঞ্জ জেলার দৌলতপুর উপজেলাধীন ‘চরকাটারী সবুজ সেনা উচ্চ বিদ্যালয়’ (ইআইআইএন নং- ১১০৮৯০)-এর প্রধান শিক্ষক জনাব মো: আজিজুল হক (ইনডেক্স-২৮৩৩৪৪)-এর বেতন-ভাতা (এমপিও) স্থগিতকরণ প্রসঙ্গে।

সূত্র: ক) বোর্ডের পত্র নং-৬৫৮/মানিক/৮৪৮৯(৬), তারিখ-২৩/০৮/২০১৮;
 খ) জনেক মো: সোহেল রানা কর্তৃক ০৮/০৭/২০১৯ তারিখে প্রধান শিক্ষকের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ;
 গ) তদন্ত কমিটি কর্তৃক ১৪/১০/২০২০ তারিখের প্রদত্ত প্রতিবেদনের সুপারিশ;
 ঘ) কর্মচারী নিয়োগে অভিযোগের প্রেক্ষিতে বিগত ১৯/০৭/২০২১ তারিখের ৪০৮(৭) নং স্মারকে নিয়োগ প্রক্রিয়া স্থগিতকরণ পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে

১. সূত্রোক্ত-(ক) মোতাবেক মানিকগঞ্জ জেলার দৌলতপুর উপজেলাধীন ‘চরকাটারী সবুজ সেনা উচ্চ বিদ্যালয়’-এর প্রধান শিক্ষক জনাব মো: আজিজুল হক (২৮৩৩৪৪) এর বিভিন্ন অভিযোগের কারণে বেতন-ভাতা (এমপিও) বন্ধ করার জন্য পত্র দেয়া হয়েছিল। কিন্তু মাউশি কর্তৃক ঐ সময় উক্ত প্রধান শিক্ষকের বেতন-ভাতা (এমপিও) বন্ধ করা হয়নি।
২. পরবর্তীতে সূত্রোক্ত-(খ) এর অভিযোগের প্রেক্ষিতে উক্ত শিক্ষকের বিরুদ্ধে আনীত অভিযোগ সম্পর্কে সূত্রোক্ত-(গ) এর আলোকে বোর্ড কর্তৃক তদন্ত করা হয়। তদন্ত প্রতিবেদনে প্রধান শিক্ষক জনাব মো: আজিজুল হক-এর বিরুদ্ধে আনীত অভিযোগ যথাক্রমে- শিক্ষক কর্মচারীদের মধ্যে দলাদলি, সহাকারী শিক্ষক মো: ফজলুল হককে বিদ্যালয়ে যাওয়ার পথে লোকজন দিয়ে মারপিটকরণ, অর্থ আত্মসাং, ক্ষমতার দাপট ও আর্থিক অনিয়ম ইত্যাদি অভিযোগ প্রমাণিত হয়। এ ব্যাপারে তাঁকে সর্তক করা সত্ত্বেও তিনি একই অনিয়ম বার বার করে যাচ্ছেন।
৩. এলাকাবাসী এবং শিক্ষক প্রতিনিধির অভিযোগের পরিপ্রেক্ষিতে সূত্রোক্ত-(ঘ) স্মারকে নিয়োগ প্রক্রিয়া স্থগিতকরণের জন্য পত্র দেয়া সত্ত্বেও উক্ত প্রধান শিক্ষক ম্যানেজিং কমিটির মেয়াদ উত্তীর্ণের ০৮ (আট) দিন পূর্বে সারাদেশে সাধারণ ছুটি থাকা অবস্থায় বিগত ২২/০৭/২০২১ তারিখে বিদ্যালয় প্রাঙ্গনের বাহিরে অত্যন্ত গোপনে ০৪ (চার) জন কর্মচারীর নিয়োগ পরীক্ষা গ্রহণ করে ২৩/০৭/২০২১ তারিখ নিয়োগপত্র ইস্যু এবং ২৪/০৭/২০২১ তারিখে বিদ্যালয়ে যোগদানও করানো হয়।

এমতাবস্থায়, মানিকগঞ্জ জেলার দৌলতপুর উপজেলাধীন চরকাটারী সবুজ সেনা উচ্চ বিদ্যালয়-এর প্রধান শিক্ষক জনাব মো: আজিজুল হক (২৮৩৩৪৪) এর বেতন-ভাতা (এমপিও) স্থগিতকরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ১৪ (চৌদ্দ) পাতা।

প্রাপক: মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

মেমো নং: ৪১৪ (১০)

তারিখ: ০৮ আগস্ট ২০২১

চেয়ারম্যানের আদেশক্রমে

প্রফেসর মোহাম্মদ আবুল ইন্দুর ভূঞ্চা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. জেলা প্রশাসক, মানিকগঞ্জ
৩. আঞ্চলিক পরিচালক, ঢাকা অঞ্চল, ঢাকা
৪. জেলা শিক্ষা অফিসার, মানিকগঞ্জ
৫. উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, মানিকগঞ্জ
৬. মাধ্যমিক শিক্ষা অফিসার, দৌলতপুর, মানিকগঞ্জ
৭. প্রধান শিক্ষক, ‘চরকাটারী সবুজ সেনা উচ্চ বিদ্যালয়’, পো: চরকাটারী, উপজেলা: দৌলতপুর, জেলা: মানিকগঞ্জ
৮. পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৯. অফিস কপি।